আলমডাঙ্গায় বউ বাড়িতে ফিরবে জেনে স্বামীর বিষপানে আত্ম*হত্যা

আলমডাঙ্গার ফরিদপুরে স্ত্রীর উপর অভিমান করে ঘাস মারা বিষপানে রবিউল হক (৬৫) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

ঘটনাটি রবিবার রাত সাড়ে ১০ টার দিকে বেলগাছি ইউনিয়নের ফরিদপুর বাজার প্রাঙ্গণে ঘটেছে। মৃত রবিউল হক ফরিদপুর গ্রামের মৃত জেহের আলী বিশ্বাসের ছেলে। এ ঘটনায় মৃত রবিউলের ছেলে বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেছে।

এজাহার সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামের মৃত জেহের আলীর ছেলে রবিউল হক। গত ৬ জুলাই রবিউলের স্ত্রী রিনা খাতুনের সাথে গোলোযোগ হয়। এ কারণে রিনা খাতুন তার পিতার বাড়িতে চলে যায়। গতকাল রবিবার সন্ধ্যায় রবিউল তার স্ত্রীকে বাড়ি চলে আসতে বলে। রিনা তার কথায় রাজি না হয়ে বাড়িতে ফিরবে না বলে জানায়।

এমন ঘটনার জের ধরে রবিউল তার ছোট ছেলের বাড়ি থেকে ঘাষ মারা বিষপান করে। স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নেবার চেস্টা করলে পথের মধ্যে সে মৃত্যু বরণ করে।

এ ঘটনায় মৃত রবিউলের ছেলে রুবেল বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

আলমডাঙ্গায় বিয়ে ভেঙে দেওয়ায় মারপিট ও নগদ অর্থ

লুটের অভিযোগ

আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ফুলবগাদি গ্রামের নুর ইসলাম নামের এক গরু ব্যাপারীকে মারপিটের অভিযোগ উঠেছে।

গত (২৩শে জুলাই) শনিবার রাত সাড়ে ৭টায় গাংনী ইউনিয়নের ফুলবগাদি গ্রামে এ ঘটনাটি ঘটে। এঘটনায় গরু ব্যাপারী নিকট থেকে নগত ১ লক্ষ ৩০ হাজার টাকা ছিনিয়ে নেয়। মারপিট ও টাকা ছিনতাই এর ঘটনায় রবিবার রাতে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

অভিযোগ সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের ফুলবগাদি গ্রামের মৃত আইনুদ্দিনের ছেলে নুর ইসলাম (৫০)। সে গত শনিবার সন্ধ্যায় গাংনী থানার কসবা গ্রামে গরুর ক্রয়ের ১ লক্ষ ৩০ হাজার টাকা দিতে যাবার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়। নুর ইসলাম তার বাড়ির সন্নিকটে ইউসুফ মোড়ে অবস্থান করছিলো।

এসময় বড়-গাংনী গ্রামের মুনসুর ফারাজীর ছেলে মনির তাকে জোরপূর্বক মোটরসাইকেলে তুলে নিজ গ্রামের অজ্ঞাত বাঁশ বাগানে নিয়ে যায়। নুর ইসলামকে একা পেয়ে মনির ও তার সঙ্গী অজ্ঞাত ৩/৪ জন তাকে বেধড়ক মারপিট করে। আহত অবস্থায় স্থানীয়রা নুর ইসলামে উদ্ধার করে।

রবিবার রাতে নুর ইসলাম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

নুর ইসলাম জানান, মনির আমাকে প্রাণ নাশের হুমকি দিচ্ছে। মনির বলে আমি সরকারি চাকুরি করি আর সরকারি কর্মকর্তার সাথে আমার মিল আছে, নাম মাত্র অভিযোগ করে কিছুই হবে না।

তিনি আরো বলেন, মনিরের সাথে আমাদের পাশ্ববর্তী গ্রামে তার বিয়ে ঠিক হয়ে ছিলো। মেয়ের পরিবার থেকে আমার কাছে মনির ফারাজীর সম্পর্ক জানতে চাইলে আমি বলে ছিলাম তার আগে বিয়ে হয়ে ছিলো এই নিয়ে মনির ফারাজির সাথে আমার পূর্ব শত্রুতা।

আমার নামে অভিযোগ করে কিছুয় করতে পারবে না, তখন তো তাকে ছেড়ে দিয়েছি এবার ধরলে আর ছাড়বো না।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম বলেন, ফুলবগাদি গ্রামের গরু ব্যবসায়ীকে মারপিট ও নগত টাকা লুটের অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ রোগীদের কি স্ট্রোকের ঝুঁকি বেশি

ডায়াবেটিস রোগীর উচ্চ রক্তচাপে আক্রান্ত হওয়ার হার রোগীর কত দিনের ডায়াবেটিস, তার বয়স, লিঙ্গ, দৈহিক স্থূলতা, রোগের পারিবারিক ইতিহাস, শারীরিক শ্রম, খাদ্যাভ্যাস (বিশেষত লবণ খাওয়া) অন্যান্য সংশ্লিষ্ট রোগের উপস্থিতি, বর্ণ, ওষুধ সেবন ইত্যাদির ওপর নির্ভরশীল।

বস্তুত যারা ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ দুটিতেই আক্রান্ত তাদের হৃদরোগ, স্ট্রোক হওয়ার ঝুঁকি বেশি থাকে; কিডনি ক্ষতিগ্রস্ত হওয়া, চোখের রেটিনা ক্ষতিগ্রস্ত হওয়া এবং প্রজনন ক্ষমতা হ্রাস পাওয়া এবং সর্বোপরি মৃত্যুর ঝুঁকি বেড়ে যাওয়ার আশঙ্কা থাকবে। বিপুলসংখ্যক ডায়াবেটিস রোগী এ দলভুক্ত। একজন প্রাপ্তবয়স্ক মানুষের জন্য উচ্চ রক্তচাপ বলতে ১৪০/৯০ মি.মি পারদ।

এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক হরমোন ও ডায়াবেটিস বিশেষজ্ঞ ডা. শাহজাদা সেলিম।

ডায়াবেটিস ও হৃদরোগ পরস্পর সম্পর্কিত কোনো সমস্যা নাকি স্বতন্ত্র স্বাস্থ্য সমস্যা। অনেক ক্ষেত্রে ডায়াবেটিস রোগীর উচ্চ রক্তচাপ একটি আলাদা শারীরিক সমস্যা। বিশেষত যারা উচ্চ রক্তচাপ থাকা অবস্থাতেই ডায়াবেটিসে আক্রান্ত হয়েছেন। ২০০৮ সালের এক গবেষণায় দেখা গেছে, যুক্তরাষ্ট্রর ২০ বছরের বেশি বয়সী ডায়াবেটিস রোগীর ৭৩ শতাংশই উচ্চ রক্তচাপেও ভুগছিল। বাংলাদেশি ডায়াবেটিস রোগীদের মাঝে উচ্চ রক্তচাপে ভোগার হার সুনিশ্চিতভাবে জানা না গেলেও এটি যে অনেক বেশি হবে তা অনুমান করা যায়।

ডায়াবেটিস শরীরের সব অংশেই হানা দেয়। এতে স্বল্পস্থায়ী এবং দীর্ঘ মেয়াদি বিভিন্ন রকম ক্ষতি সাধিত হতে থাকে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় হৃদপিণ্ড ও রক্তনালিসহ রক্ত সংবহনতন্ত্রের সব

অংশ। রক্ত নালির দেয়ালের ইলাস্টিসিটি হ্রাস পেতে থাকে। এতে হৃদরোগের ঝুঁকি যেমন বাড়ে তেমনি উচ্চ রক্তচাপ বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে। ডায়াবেটিস না থাকলে এ ঝুঁকি অনেক কম থাকতে পারত।

ডায়াবেটিস রোগীর মস্তিষ্ক, হৃৎপিণ্ড, বৃক্ক, রেটিনা, প্রজনন তন্ত্র, ত্বক অতি ঝুঁকিপ্রবণ এলাকা। যেসব মহিলা ডায়াবেটিস নিয়েই গর্ভধারণ করেন অথবা গর্ভকালীন ডায়াবেটিসে আক্রান্ত তাদের ক্ষেত্রে উচ্চ রক্তচাপ বিশেষ গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে ডায়াবেটিস বিশেষজ্ঞও প্রসূতিবিদ যেমন খুবই সতর্কতার সঙ্গে এগোতে চান তেমনি গর্ভবতী ও তার পরিবারকেও গভীরভাবে অনুধাবন করে চিকিৎসায় অংশগ্রহণ করতে হবে। কেননা, এসব গর্ভবতী নারীর প্রি-একলামশিয়া ও একলামশিয়া নামক মারাত্মক গর্ভকালীন জটিলতায় ভোগার ঝুঁকি অনেক বেশি।

উচ্চ রক্তচাপ প্রধানত একটি লক্ষণ বিহীন স্বাস্থ্য সমস্যা। তাই অন্য মানুষদের মতই ডায়াবেটিসেও রক্ত চাপ মেপে তা শনাক্ত করার চেষ্টা করতে হবে। যাদের রক্তচাপ স্বাভাবিক থাকছে তাদেরও বছরে কমপক্ষে চারবার আদর্শ পদ্ধতিতে রক্তচাপ মেপে তিনি উচ্চ রক্তচাপে ভোগছেন কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। যদি সিদ্ধান্ত না নেয়া যায় পরবর্তী এক সপ্তাহের মধ্যে প্রতি দিনের বিভিন্ন সময়ের রক্তচাপের গড় হিসেব করে সিদ্ধান্ত নেয়ার উদ্যোগ নিতে হবে। আর ডায়াবেটিসের রোগীরা যখন নিয়মিত ডায়াবেটিস বিশেষজ্ঞের কাছে যান তখন তিনি সব ডায়াবেটিসের রোগীকেই রক্তচাপ মেপে রোগ শনাক্তকরণ ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

ডায়াবেটিস এখন মহামারী আকারে বিরাজ করছে। উচ্চ রক্তচাপ পৃথিবী ব্যাপী একটি নীরব ঘাতক এবং দুটোই বর্তমানের চেয়ে রোগীর জন্য ভবিষ্যতে বেশি ঝুঁকি তৈরি করে। অতএব, রোগীর চিকিৎসা তো করতে হবেই বরং রোগ প্রতিরোধের ক্ষেত্রে যতটা বেশি উদ্যোগ নেয়া যায় ততটা লাভজনক হবে। ডায়াবেটিসের সব রোগীর সব অবস্থাতেই প্রথম ও প্রধানতম কাজ হল- কাক্সিক্ষত মাত্রায় রক্তের গ্লুকোজ নিয়ন্ত্রণ। যদিও এটি রোগীভেদে বিভিন্ন রকম হবে। আর উচ্চ রক্তচাপকে বিবেচনায় নিয়ে নিন্মোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে :

- নিয়মিত রক্তচাপের রের্কড সংগ্রহ করুন

- উচ্চ রক্তচাপ থাকলে তার জন্য প্রয়োজনীয় ওষুধ সেবন করা

- যাদের এখনও রক্তচাপ স্বাভাবিক আছে সেসব ডায়াবেটিসের রোগীর জন্য
আনন্দের বার্তা হল- সতর্কতার সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ

করলে আপনি দীর্ঘদিন রক্তচাপ স্বাভাবিক রাখতে সমর্থ হবেন।

প্রতিরোধমূলক পদক্ষেপ

- লবণ খাওয়া কমাতে হবে [আলগা লবণ বর্জন করুন, তরকারি-ভাজি-ভর্তাতে
লবণ সীমিত করুন, অতিরিক্ত লবণ দেয়া খাদ্য বর্জন করুন (সল্টেট বিস্কুট, ফাস্ট ফুড জাতীয় খাবার ইত্যাদি)]

- দৈহিক উচ্চতা অনুসারে কাক্সিক্ষত দৈহিক ওজন অর্জন করুন ও বজায়
রাখুন

- শারীরিক শ্রমময় জীবনযাপন করুন। যাদের জীবনযাপন প্রধানত শারীরিক
শ্রমহীন, তাদের শারীরিক শ্রম বৃদ্ধির প্রয়াশ নিতে হবে

- সপ্তাহের অধিকাংশ দিন (পারলে প্রতিদিন) ৩০ মিনিট করে হাঁটুন।
যাদের পক্ষে তা সম্ভব নয় তারা সপ্তাহে ১ দিন একটানা ১৫০ মিনিট হাঁটতে পারেন।

- অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য, প্রাণিজ চর্বি জাতীয় খাদ্য সীমিত
করুন।

- প্রচুর শাক-সবজি (আলু বাদে) খাওয়ার অভ্যাস করুন

- তাজা ফল-মূল খাবেন (কলা, আম ইত্যাদি যত কম খাওয়া যায় ততই ভালো)

- মাছ খুব ভালো খাদ্য

- মাংস খাওয়া যাবে তবে তা চর্র্বিমুক্ত হলে ভালো

- রান্নায় তেল ব্যবহার যতটা সম্ভব কমাতে হবে

চিকিৎসার ক্ষেত্রে লাইফস্টাইলের অপটিমাইজেশন মূল ভিত্তি।

হরিণাকুণ্ডুতে অস্ত্রসহ এক

ব্যক্তি গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে অস্ত্রসহ আবু সাঈদ (৩৩) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)।

সোমবার দুপুরে শহরের পার্বতীপুর বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আবু সাঈদ উপজেলার পারদখলপুর গ্রামের সানোয়ার হোসেন ওরফে সনুর ছেলে।

সিপিসি-২, র্যাব-৬ ঝিনাইদহের কোম্পানি কমান্ডার মেজর মোহাম্মদ শরীফুল ইসলাম জানান, ওই এলাকায় মাদকের কারবার চলছে এমন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। এ সময় তার দেহ তল্লাসি করে একটি বিদেশী পিস্তল, ৬ রাউন্ড গুলি, ম্যাগাজিন, দুটি মোবাইল ফোন, চারটি সিমকার্ড ও দুই হাজার নয়শ‘ টাকা উদ্ধার করা হয়।

সে একটি সন্ত্রাসী গ্রুপের সদস্য। তার বিরুদ্ধে জেলার কয়েকটি থানায় হত্যা, নাশকতা, চাঁদাবাজী, ডাকাতি ও অস্ত্র আইনের ৮টি মামলা রয়েছে। তাকে হরিণাকুণ্ডু থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, অস্ত্র আইনের মামলায় ওই ব্যক্তিকে কোর্টহাজতে প্রেরণ করা হয়েছে।

দুঃসময় – শাহানাজ পারভীন শিউলী

এই আকাশটা আমার ছিল স্বপ্ন ছিল আঁকা
জীবনচক্রে আসলো ঘুরে দুর্ভাগ্যের চাকা
মানবতা পিষ্ট হয়ে আঁধার এলো ঘরে,
রঙিন চোখের স্বপ্নগুলো উড়লো বালুচরে।

পিঞ্জরেতে আটকে পড়া না বলার সব কথা
বৃষ্টি হয়ে ঝরে পড়ে মেঘের নিরব ব্যথা।

পাথর চাপা অক্ষি দুটি নির্ঘুমেতে কাটে,
আমার চেনা আপন সময় পাশ কাটিয়ে হাঁটে।

হারিয়ে গেছে শিক্ষার আলো অন্ধকুপের তীরে
রঙিন খামের সেই ঠিকানা ভেজে আঁখি নীরে।
স্বাক্ষী আছে কত জীবন ইতিহাসের পাতায়,
দুঃসময়ের জীবন কথা হোক না লেখা খাতায়।

গাংনীতে মাদক সেবীর কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত

মাদক সেবনের অভিযোগে শিপন দাস (৪০) নামের এক ব্যক্তিকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা অর্থদন্ড করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

দন্ডিত শিপন দাস গাংনী মহিলা কলেজ পাড়ার বাদল দাসের ছেলে।

আজ সোমবার (২৫ জুলাই)দুপুরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম এ জেল জরিমানা প্রদান করেন।

এর আগে সকালের দিকে গাংনী মহিলা কলেজ পাড়ায় মাদক সেবন করার সময় মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টীম অভিযান চালিয়ে তাকে৮ পুরিয়া গাঁজা ও দুইটি কল্কিসহ আটক করেন। পরে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলমের ভ্রাম্যমান আদালতে হাজির করেন।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মাদকসেবী শিপন দাসকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এসময় মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এসআই আব্দুল মান্নান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কালো ও সাদা – সোমা মুৎসুদ্দী

খুকির রং ফর্সা ভীষণ
ভাইটি তাঁহার কালো।
তবুও ওদের মধ্যে মিল
সবকিছুতেই ভালো।

খুকি যখন পড়তে বসে
খোকাও তখন পড়ে।
চাঁদের আলো আভা যেনো
ঝরছে ওদের ঘরে।

ভাই বোনেতে ছড়ায় গানে
আড্ডা মধুর হয়।
সাদা কালোয় কি আসে যায়
মায়ারই হয় জয়।

পরিবেশ – আব্দুল হামিদ

প্রকৃতির এই বুকে জন্ম মৃত্যু তাই
পরিবেশ নষ্ট করা হবে আত্নঘাতী
সবুজের সমারোহ গড়ে তোলা চাই
জীবঘাতি যঞ্জ কেন হয় রাতারাতি।

স্রোতোসিনী নদী কেন বাঁধে সব লোকে
জল কেন ঘোলা করে অতি বজ্য ফেলে গরলের আচ্ছাদনে পাখি মরে শোকে
হেন অনুচিত কাজ করে বিষ ঢেলে।

ঘন কালো ধোঁয়া ছেড়ে গাড়ি বয়ে যায়
নির্মল বাতাস আজ পাবো কোন দেশে
শ্বাস নিতে কষ্ট হয় এ যে বড় দায়
বিপদে পড়ে যে লোক নগরেতে এসে।

বোমা ছুঁড়ে মারি যদি প্রকৃতির বুকে
প্রকৃতি বিরুপ হয়ে ছাই দেবে মুখে

পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ নেটফ্লিক্সে

ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফরম নেটফ্লিক্সে পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ করতে পরীক্ষামূলক প্ল্যান নিয়ে হাজির প্রতিষ্ঠানটি। এখন থেকে নিজের পাসওয়ার্ড অন্যের সঙ্গে শেয়ার করলেই পড়বেন বিপদে। নতুন প্ল্যান অনুসারে একটি আইডি থেকে একই সঙ্গে একাধিক বাড়িতে লগ ইন করলে গুনতে হবে অতিরিক্ত টাকা।

এর ফলে বিনামূল্যে পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ হবে। দ্বিতীয় কোনো বাড়ি থেকে একই অ্যাকাউন্টে লগ ইন করে স্ট্রিম করতে চাইলে অতিরিক্ত খরচ করতে হবে। যদিও সেই ক্ষেত্রে সাধারণ প্ল্যানের তুলনায় খরচ অনেকটা কম হবে।

এদিকে নেটফ্লিক্স জানিয়েছে, বিশ্বব্যাপী প্রায় ১০ কোটি গ্রাহক অন্যের পাসওয়ার্ড ব্যবহার করে বিনামূল্যে স্ট্রিমিং করে। শুধু মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডাতেই প্রায় ৩ কোটি বাড়িতে পাসওয়ার্ড শেয়ারিংয়ের মাধ্যমে নেটফ্লিক্স চলে।

চলতি বছর মার্চে চিলি কোস্টারিকাসহ দক্ষিণ আমেরিকার একাধিক দেশে অ্যাড এক্সট্রা মেম্বার ফিচার চালু করে নেটফ্লিক্স। সেখানেও বাড়তি স্ট্রিমিংয়ের জন্য আলাদা খরচ করতে হয়েছে গ্রাহকদের।

এবার আর্জেন্টিনা, ডমিনিকান প্রজাতন্ত্র, এল সালভাদর, গুয়াতেমালা এবং হন্ডুরাসে এই নিয়ম শুরু করেছে নেটফ্লিক্স। তবে ভ্রমণের সময় এ

নিয়ম প্রযোজ্য নয়।

ঝিনাইদহে বাসের ধাক্কায় মাছ ব্যবসায়ী নিহত

ঝিনাইদহে বাসের ধাক্কায় জহির বিশ্বাস (৬০) নামের এক মাছ ব্যবসায়ী নিহত হয়েছেন।

আজ সোমবার সকালে শহরের চাকলাপাড়ায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জহির বিশ্বাস হরিণাকুন্ডু উপজেলা শাখারীদহ গ্রামের মৃত দানেশ বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানান, সকালে খুচরা মাছ ব্যবসায়ী জহির বিশ্বাস বাইসাইকেল যোগে ঝিনাইদহ শহরে আসছিলেন। পথিমধ্যে চাকলাপাড়া তসলিম ক্লিনিকে সামনে আসা মাত্রই শহর থেকে পুরাতন হাটখোলাগামী একটি বাসের চাকায় পিষ্ট হয়। এতে সে ঘটনাস্থলেই মারা যায়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এ ঘটনায় ঘাতক বাসটি আটক হলেও চালক পলাতক রয়েছে। তবে চালককে আটকের জন্য পুলিশ চেষ্টা অব্যাহত রয়েছে।